

(প্রেস বিজ্ঞপ্তি)

০৭ ফেব্রুয়ারি'২০২৩খ্রি.

কেন্দ্রীয় শহীদ মিনার ও মুসলিম ইনস্টিটিউটের কাজ দ্রুত শেষ করার নির্দেশ মেয়রের

চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনার ও মুসলিম ইনস্টিটিউটের কাজ দ্রুত শেষ করার পাশাপাশি বিভিন্ন বিষয়ে দিকনির্দেশনা দিয়েছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। মঙ্গলবার প্রকল্প এলাকা পরিদর্শন করেন মেয়র।

মেয়র বলেন, মুক্তিযুদ্ধের চেতনা ও বঙ্গবন্ধুর আদর্শকে ছড়িয়ে দিতে সাংস্কৃতিক কেন্দ্র হিসেবে কাজ করবে চট্টগ্রাম কেন্দ্রীয় শহীদ মিনার ও মুসলিম ইনস্টিটিউট। ঐতিহ্যবাহী এই জনগুরুত্বপূর্ণ প্রতিষ্ঠানের কাজ দ্রুত শেষ করতে হবে, নিশ্চিত করতে হবে প্রকল্পের সেরা মান এবং জননিরাপত্তা।

এসময় প্রকল্পের বিভিন্ন দিক এবং কাজের অগ্রগতি সম্পর্কে মেয়রকে অবহিত করেন প্রকল্প পরিচালক উপ-সচিব লুৎফর রহমান। পরিদর্শনকালে মেয়র এর সাথে ছিলেন কাউন্সিলর আবদুস সালাম মাসুম, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাশেম, গণপূর্ত অধিদপ্তরের তত্ত্বাবধায়ক প্রকৌশলী বদরুল আলম খান, থিয়েটার ইনস্টিটিউটের পরিচালক আহমেদ ইকবাল হায়দার সহ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ।

চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত অমর একুশে বাইমেলার উদ্বোধন কাল

চট্টগ্রাম সিটি কর্পোরেশন আয়োজিত অমর একুশে বাইমেলা আগামীকাল বুধবার এম এ আজিজ স্টেডিয়াম সংলগ্ন জিমনেসিয়াম মাঠে বিকাল ৩টায় উদ্বোধন করা হবে। মেলা উদ্বোধন করবেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। এতে সভাপতি করবেন সিটি কর্পোরেশনের প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহাম্মদ তৌহিদুল ইসলাম। প্রধান বক্তা হিসেবে উপস্থিত থাকবেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের ভিসি প্রফেসর ড. শিরীণ আখতার।

এবারের মেলার অনুষ্ঠানমালায় রয়েছে নজরুল দিবস, মাতৃভাষা দিবস-২১ ফেব্রুয়ারি, লোক উৎসব, রবীন্দ্র উৎসব, তারুণ্য উৎসব, নারী উৎসব, বসন্ত উৎসব, মরমী উৎসব, আবৃত্তি উৎসব, নৃগোষ্ঠী উৎসব, লেখক সমাবেশ, যুব উৎসব, শিশু উৎসব, পেশাজীবী সমাবেশ, মুক্তিযুদ্ধ উৎসব, ছড়া উৎসব, কুইজ প্রতিযোগিতা, চাটগাঁ উৎসব, স্বল্পদৈর্ঘ্য চলচ্চিত্র ও আলোকচিত্র প্রদর্শনী, বাইমেলার সমাপনী ও পুরস্কার বিতরণ অনুষ্ঠান।

মেলা প্রতিদিন বিকেল ৩টা থেকে রাত ৯টা ও ছুটির দিন সকাল ১০টা থেকে রাত ৯টা পর্যন্ত সর্বসাধারণের জন্য উন্মুক্ত থাকবে। দেশের খ্যাতিমান কবি-সাহিত্যিক, সাংবাদিক, বুদ্ধিজীবী, মুক্তিযোদ্ধা, শিক্ষাবিদ ও সাংস্কৃতিক অঙ্গনের বরণ্য ব্যক্তিবর্গ প্রতিদিনের বিষয়ভিত্তিক আলোচনায় অংশ নেবেন।

ফুটপাত ও রাস্তা দখল করে ব্যবসা করায় ৬ জনের বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৫ হাজার টাকা জরিমানা

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ মঙ্গলবার নগরীতে মোবাইল কোর্ট পরিচালিত হয়। চসিক নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী পরিচালিত অভিযানে নগরীর সিনেমা প্যালেস, কেসিদে রোড, লাল দিঘীর পাড়, আন্দরকিল্লা পর্যন্ত ফুটপাত ও রাস্তা দখল করে ব্যবসা প্রতিষ্ঠানের বিভিন্ন মালামাল রেখে জনসাধারণের চলাচলে প্রতিবন্ধকতা সৃষ্টির দায়ে ৬ ব্যক্তির বিরুদ্ধে মামলা রুজু পূর্বক ১৫ হাজার টাকা জরিমানা করা হয়। অভিযানকালে সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ ম্যাজিস্ট্রেটকে সহায়তা প্রদান করেন।

স্বাক্ষরিত/-

(আজিজ আহমদ)

জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার

চট্টগ্রাম সিটি কর্পোরেশন।

মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮